

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সভার, ঢাকা
www.shnyc.gov.bd

বিষয়ঃ ৪র্থ নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মহাপরিচালক
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
সভার তারিখ : ০৬/০৪/২০২৩ খ্রি.
বার ও সময় : বৃহস্পতিবার ও সকাল ১১:০০ টা
সভারস্থান : সম্মেলন কক্ষ, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
উপস্থিতি : পরিশিষ্ট “ক”

সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতি ক্রমে তা-দৃঢ়করণ হয়। অতঃপর সভাপতি জানান যে ইনস্টিটিউটের ২০২২-২০২৩ অর্থ বছরের প্রণয়নকৃত জাতীয় শুদ্ধাচার কৌশলকর্ম-পরিকল্পনার বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। তিনি সভায় ৩য় কোয়ার্টারের কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি এবং ৪র্থ কোয়ার্টারের কর্মপরিকল্পনা বাস্তবায়নে করণীয় বিষয়সমূহ উপস্থাপন করার জন্য উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব শাহাব উদ্দিন সরকারকে অনুরোধ জানান।

উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) ইনস্টিটিউটের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সভায় উপস্থাপন করেন। তিনি জানান, কর্ম-পরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির ৪র্থ সভা অনুষ্ঠিত হচ্ছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী জাতীয় শুদ্ধাচার সম্পর্কিত ২য় প্রশিক্ষণ এ মাসে আয়োজন করা প্রয়োজন। তিনি আরো জানান, ইনস্টিটিউটের কর্মপরিবেশ উন্নয়নের জন্য কর্ম-পরিকল্পনা অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ইনস্টিটিউটের উদ্যান পরিষ্কার পরিচ্ছন্ন করা, ফলজ ও ঔষধী গাছের চারা রোপন করা, অফিস, শ্রেণি কক্ষ, আবাসিক ভবনের কক্ষ সমূহ নিয়মিত পরিচ্ছন্ন করা হচ্ছে মর্মে তিনি সভায় জানান।

সহকারী পরিচালক (অর্থ) জনাব মোঃ মাসুদুর রহমান সভায় জানান, ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের কার্যক্রম অব্যাহত আছে। তিনি আরও জানান যে, ৩য় কোয়ার্টার পর্যন্ত মোট বরাদ্দের ৬০% ব্যয় করা হয়েছে।


সহকারী পরিচালক (প্রশাসন) জনাব আবদুল কাইয়ুম সভায় জানান গত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রশাসনিক ভবনের ৪র্থ তলায় হেল্পডেস্কসহ ভিজিটর স্পেস স্থাপন করা হয়েছে এবং ৪র্থ তলায় ০১টি টয়লেট মহিলাদের জন্য সংরক্ষণ করা হয়েছে। এছাড়াও কর্ম-পরিকল্পনা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে ০২টি সভার মধ্যে ০২টি সভা আয়োজন করা হয়েছে বলে সভাকে অবহিত করেন।

সভাপতি কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে অবশিষ্ট সময়ে আন্তরিক থাকার জন্য সদস্যগণের প্রতি অনুরোধ জানান।

আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

০১. নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুসারে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।
০২. আগামী ২৮/০৪/২০২৩ তারিখে শুদ্ধাচার সংক্রান্ত ২য় প্রশিক্ষণের আয়োজন করতে হবে।
০৩. বার্ষিক ক্রয়পরিকল্পনা বাস্তবায়নে পরিকল্পনা অনুযায়ী যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


আবু তাহের মাসুদ রানা
মহাপরিচালক


ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ফোন : ০২-২২৪৪২৬০৩০
ই-মেইল : dgshniyd@shniyd.gov.bd

স্মারকনং- ৩৪.০৬.২৬৭২.০০০.০৬.০৪০.২১- ১৭০২

তারিখঃ ২০.০৪.২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ০১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০২। জনাব, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
- ০৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
- ০৪। অফিস কপি।


আবদুল কাইয়ুম
সকারী পরিচালক(প্রশাসন)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।